



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিডিকেট (০৯-০৯-২০২০) কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অফিস  
প্রধানের চাহিদা অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির খসড়া

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস-এর শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(ক) কম্পোজিটর গ্রেড-১ টাঁঃ ১০,২০০-২৪,৬৮০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	০১টি	প্রার্থীকে ন্যূনতম এসএসসি পাস হতে হবে। শিক্ষাজীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়। কম্পোজ কাজে দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে (লেটার পদ্ধতি)। জার্নাল বই ও বিভিন্ন ধরনের ছাপাকার্যের এন্টিমেট করার যোগ্যতা থাকতে হবে। কোন স্বনামধন্য প্রেস, পত্রিকা বা বিজ্ঞাপনী প্রতিষ্ঠানে ন্যূনতম ৮ (আট) বছরের উপরোক্ত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীর ক্ষেত্রে উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
(খ) মেশিনম্যান গ্রেড-১ টাঁঃ ১০,২০০-২৪,৬৮০/- বেতন (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১টি	প্রার্থীকে ন্যূনতম এসএসসি পাসসহ OLIVER-66 EZ, Brand : SAKURAI (Japan) অফসেট মেশিন চালনায় পারদর্শী এবং মেশিন সঠিকভাবে রক্ষণাবেক্ষণে পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে এবং ৪ রং-এর ছাপার কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীর ক্ষেত্রে উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
(গ) কাটিংম্যান (পুনঃবিজ্ঞপ্তি) টাঁঃ ৯০০০-২১৮০০/- বেতন (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১টি	প্রার্থীকে ন্যূনতম এসএসসি পাস হতে হবে। প্রার্থীকে পোলার কাটিং মেশিন (জার্মানি) অটো গ্লু মেশিন, অটো স্টিচিং, অটো সুইং, অটো ফোল্ডিং মেশিন চালনা এবং মেকানিক্যাল কাজে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বিভিন্ন সাইজের কাগজ ও বোর্ড কাটিং, ডাই কাটিং, ক্রিজিং-এ পারদর্শী হতে হবে। সৃজনশীল বই, রেজিস্ট্রার বই, স্যুভিনির, জ্যাকেট, পকেট ফাইল, ওয়াল/ডেস্ক ক্যালেন্ডার বাঁধাই কাজে দক্ষতা থাকতে হবে। তবে উল্লেখিত কাজগুলোতে এবং বিশেষ করে পোলার কাটিং মেশিন দক্ষতার সাথে চালনায় অধিকতর অভিজ্ঞতা ও দক্ষতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২৩-১১-২০২১ খ্রীস্টাব্দ/০৮-০৮-১৪২৮ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

জিডি-১১৯২/২১ (১৩'x৪)